# Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 08 April, 2025

ফিলিস্তিনে ইসরায়েলের নৃশংস বর্বরোচিত গনহত্যায় শহীদদের প্রতি সম্মান প্রদর্শন করে আন্তঃবিভাগীয় ক্রিকেট টুর্নামেন্ট স্থগিত করলেন, বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি)র চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ।

মঙ্গলবার (৮ এপ্রিল) দুপুরে ভোলা সরকারি কলেজ চত্বরে অনুষ্ঠিত উদ্ভোধনী অনুষ্ঠানে এ টুর্নামেন্ট স্থগিতের ঘোষনা করেন।

তিনি বলেন, ফিলিস্তিনের উপর ইসরায়েলের নৃশংস গনহত্যায় বিশ্ব মূসলিম বিবেক আজ ব্যাথিত ও দুঃখিত।আমি অনেক আগেই সময় দিয়েছিলাম।পূর্বের ঘোষনা অনুযায়ী আজকে আন্তঃবিভাগীয় ক্রিকেট টুর্নামেন্টের উদ্ভোধন হওয়ার কথা ছিলো।কিন্তু দুরভাগ্যক্রমে তা আসলেই সম্ভব হচ্ছেনা।আমি টুর্নামেন্ট আয়োজক কর্তৃপক্ষকে বলেছিলাম অন্তত ফিলিস্তিনিদের জন্য আজকের এই টুর্নামেন্ট স্থগিত করা হোক।

এখানে থেকে শহীদ ফিলিস্তিনিদের জন্য দোয়া করা ছাড়া আমরা তো আর কিছুই করতে পারিনা।আমরা যার যার জায়গা থেকে তাদের জন্য দোয়া করি।আল্লাহ তা আলা যেনো পৃথিবীর সকল মুসলমানদের জন্য শান্তি নিয়ে আসেন।

ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ আয়োজকদের উদ্দেশ্যে বলেন, যখন বিশ্ব শান্ত হবে তখন একটি ভালো পরিবেশে ভালোভাবে করতে পারেন তার জন্য আমি আপনাদের পাশে থাকবো।তাই ফিলিস্তিনে সকল মুসলিম শহীদদের স্মরনে তাদের সম্মানে আজকের আন্তঃবিভাগীয় ক্রিকেট টুর্নামেন্ট স্থগিত ঘোষনা করলাম।

বাংলাদেশ ছাত্র সমাজ ভোলা জেলা শাখার আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ভোলা জেলা বিজেপির সভাপতি আমিরুল ইসলাম রতন, সাধারণ সম্পাদক মোতাছিম বিল্লাহ, সাংগঠনিক সম্পাদক প্রভাষক নুরনবী, এ্যাড. মনিরুল ইসলাম, সদর উপজেলা বিজেপির সাধারন সম্পাদক আবুল বাশার বুলবুল, জেলা যুব সংহতির আহ্বায়ক নূরে আলম ছিদ্দিকী টিটু, সদস্য সচিব আনোয়ার হোসেন, ভোলা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ মহিউদ্দিন, জেলা ছাত্র সমাজের আহ্বায়ক মানষ ঘোষ শান্ত, ছাত্র সমাজ ভোলা কলেজ শাখার সাবেক সভাপতি ট্রিমন, বর্তমান সভাপতি মোঃ কায়েস।

ক্রিকেট টুর্নামেন্ট আন্দালিব পার্থ বাংলাদেশ জাতীয় পার্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55